

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

Date- 03 MAR 2022
প্রাপ্ত পত্র নং ৫৪৪৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০০৩.১৯/৭৬(১)

তারিখ: ০১/০৩/২০২২ খ্রি:।

বিষয়: বন্ড ঝুঁকি ব্যবস্থাপনা ও মনিটরিং সংক্রান্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ০৮/০২/২০২২ খ্রি:।
স্থান : জুম মিটিং
সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভাপতি : সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

জনাব হোসেন আহমদ, সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা মহোদয় এর সভাপতিত্বে বিগত ০৮/০২/২০২২ খ্রি: তারিখে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম, কাস্টম হাউস, চট্টগ্রাম/মোংলা এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী, খুলনা, সিলেট, যশোর, রংপুর ও কুমিল্লা এর সাথে বন্ড ঝুঁকি ব্যবস্থাপনা এবং বন্ড কার্যক্রমে মনিটরিং জোরদার ও অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে জুমে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উক্ত জুম মিটিং এ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। তদপরিপ্রেক্ষিতে সদস্য মহোদয় বিভিন্ন বিষয়ভিত্তিক নির্দেশনা প্রদান করেন। উক্ত সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

১. যে সকল প্রতিষ্ঠানের বিপরীতে দাবীনামা, লাইসেন্স সাসপেন্ড, ওভার ডিউ, রপ্তানি ব্যর্থতা, ফোর্স লোন রয়েছে সে সমস্ত প্রতিষ্ঠানের সিআইএস ও লিয়েন ব্যাংক থেকে আমদানি-রপ্তানির তথ্য সংগ্রহ করে দ্রুত অডিটের ব্যবস্থা করতে হবে। এসব প্রতিষ্ঠানের দায়-দেনা নির্ধারণ, সরকারি পাওনা আদায় ও প্রতিষ্ঠানের অস্তিত্ব ইত্যাদি যাচাই করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে;
২. প্রত্যেক বন্ড অফিসারকে তার প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানির তথ্যাদি এ্যাসাইকুডা ওয়ার্ল্ড থেকে সংগ্রহ করে ইন্টু বন্ড নিশ্চিত করতে হবে;
৩. ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান চিহ্নিত করে রাজস্বের সুরক্ষার স্বার্থে প্রতিষ্ঠানের হালনাগাদ অডিট, ফাঁকিকৃত রাজস্ব আদায়সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।
৪. যে সকল প্রতিষ্ঠানের বিপরীতে ২ বছরের অধিক অডিট অনিষ্পন্ন রয়েছে সেসকল প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে রিপোর্ট কমিশনার বরাবর দাখিল করতে হবে;
৫. যে সকল প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানির ভলিউম অত্যাধিক তাদের কনসাইনমেন্ট র্যান্ডম ভিত্তিতে সরেজমিন তদন্ত করা/উৎপাদন পর্যবেক্ষণ করা এবং স্থিরচিত্র/ভিডিও চিত্র সংরক্ষণ করা;
৬. প্রতিষ্ঠানের অডিট তথ্য বহল এবং মানসম্মত হতে হবে;

০২। সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন এবং আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

স্বাক্ষরিত-০১/০৩/২০২২ খ্রি:।

(হোসেন আহমদ)

সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি),
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৪-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৩-৪। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/মোংলা।


৫-১০। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০০৩.১৯/

তারিখ: ০১/০৩/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৫-৬। অফিস কপি/গার্ড কপি।



(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com